# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

## বরিশাল।

স্মারক নং : বশিবো/কলেজ/ অনু: ২০২৫/ ৮০৯০

তারিখ : ২৯.০৬.২০২৫

**বিষয় : উচ্চমাধ্যমিক দ্বাদশ শ্রেণির (২০২৪-২০২৫) ট্রান্সফার কাযক্রম সম্পর্কিত বিজ্ঞপ্তি ।**

আগামী ০৭.০৭.২০২৫ থেকে ২৪.০৭.২০২৫ পযন্ত শুরু হচ্ছে উচ্চমাধ্যমিক দ্বদশ শ্রেণি, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ট্রান্সফার কাযক্রম । ট্রান্সফার কাযক্রমের জন্য নিম্নোক্ত পদ্ধতিতে শিক্ষার্থীদের আবেদন করতে হবে ।

০১. প্রথমে www.barisalboard.gov.bd এড্রেসে গিয়ে download Menu থেকে college form এ গিয়ে TC ফরম ডাউনলোড করতে হবে। এরপর আবেদনকারী যে কলেজে ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে কলেজে ট্রান্সফার হতে চায়, উভয় কলেজের অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষরের পর আবেদন করতে পারবে।

০২. আবেদনকারী যে কলেজে ভর্তিকৃতি শিক্ষার্থী, সে কলেজের মাধ্যমে বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইটের ডান পাশে panel link এ HSC eSIF 2026 এর উপর ক্লিক করে Login এর মাধ্যমে TC মেনুতে ঢুকে স্ব স্ব কলেজের কর্তৃপক্ষকে শিক্ষার্থীর পক্ষে আবেদন করতে হবে ।

০৩. আবেদনকারী যে কলেজের ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে কলেজে যেতে চায়, উভয় কলেজের অধ্যক্ষ মহোদয়কে ট্রান্সফার আবেদনে স্বাক্ষরের পূর্বে দুই কলেজের শাখা এবং বিষয়ে সামঞ্জস্য আছে কিনা তা ভালো করে যাচাই করে নেয়ারজন্য অনুরোধ করা হলো । অনক সময় দেখা যায়, বিষয় সামঞ্জস্য না থাকার পরও অধ্যক্ষ মহোদয়রা স্বাক্ষর করেন –যা পরবর্তীতে শিক্ষার্থীদের ভোগান্তীর কারণ হয়ে থাকে ।

০৪. আবেদন করার সময়ই শিক্ষার্থীর মোবাইল নম্বর দিতে হবে এবং ঐ মোবাইল নম্বরে কলেজ ট্রান্সফারের ফি সম্পর্কিত Message যাবে। যে Message এর ভিত্তিতে শিক্ষার্থী সোনালি সেবার মাধ্যমে ফি জমা দিতে পারবে অথবা কলেজ কর্তৃপক্ষও সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিতে পারবে।

০৫. শিক্ষার্থীর আবেদন শিক্ষাবোর্ড কর্তৃপক্ষের কাছে যৌক্তিক মনে হলে কেবল তখনই শিক্ষার্থীর মোবাইল নম্বরে একটি OTP (Ontime password) যাবে এবং ঐ OTP টি শিক্ষাবোর্ডের নিজস্ব ওয়েবসাইটের (www.barisalboard.gov.bd ) ডান পাশে panel link এ HSC 2026 TC Letter download option এ ক্লিক করে OTP দিলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর TC বিষয়ক অনুমতি পত্র পাওয়া যাবে । এই অনুমতি পত্রটি একবার ডাউনলোড করলে এটি আর পুনরায় ডাউনলোড করা যাবে না। এ জন্য অনুমতি পত্রটি অত্যন্ত যত্নের সাথে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, কোন শিক্ষার্থী যদি TC 'র আবেদনের সময় তার শাখা পরিবর্তন করে আবেদন করে , তাহলে তার আবেদন রিজেক্ট হয়ে যাবে।

০৬. ট্রান্সফারের প্রক্রিয়াটি একটি অনলাইন প্রক্রিয়া । যে কারণে শিক্ষার্থীর TC বিষয়ক অনুমতি পত্র প্রেরিত হয়ার পর বদলিকৃত কলেজে ভর্তি সম্পন্ন হলে শিক্ষার্থীর TC কাযক্রম সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত থাকতে হবে। এই বিষয়ে শিক্ষাবোর্ডে অবগত করার কোন প্রয়োজন নেই।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৯.০৬.২০২৫

প্রফেসর ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চধ্যমিক শিক্ষাবোর্ড,বরিশাল।